দৈনিক জনকণ্ঠ

তারিখ : 15 SEP 2017
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ২ ...

# উচ্চশিক্ষা স্তরে শিক্ষকদের মানসম্মত শিক্ষা দেয়ার আহ্বান

স্টাফ রিপোর্টার ॥ উচ্চশিক্ষা স্তরে মানসম্মত শিক্ষা প্রদানের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুল মান্নান। বৃহস্পতিবার দেশের ১৩ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউজিসির কোয়ালিটি এসিউরেন্স ইউনিট (কিউএইউ) এর মতবিনিময় সভায় চেয়ারম্যান এ আহ্বান জানান। এদিকে নতুন করে আরও দুটি বেসরকারী বিশ্ববিদ্যালয় অনুমোদন পেতে পারে। এগুলো হচ্ছে- রংপুর বিশ্ববিদ্যালয় ও ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ফর উইমেন্স।

## আসছে আরও দুই বেসরকারী বিশ্ববিদ্যালয়

ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেন্স সেল (আইকিউএসি) এর পরিচালক ও অতিরিক্ত পরিচালকদের সঙ্গে মতবিনিময়

(১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## উচ্চশিক্ষা স্তরে

(১৬-এর পৃষ্ঠার পর)

করে ইউজিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। এ সময় ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোঃ আখতার হোসেন ছাড়াও উপস্থিত ছিলেন প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, ড. মোঃ খালেদ, ড. মোঃ মোখলেছুর রহমানসহ বিশ্ব ব্যাংক, উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন প্রকল্পের কর্মকর্তারা।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ এবং ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশের আইকিউএসির পরিচালক ও অতিরিক্ত পরিচালকরা অংশ নেন।

অনুষ্ঠানে ইউজিসির চেয়ারম্যান দেশের বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষকদের উচ্চশিক্ষা স্তরে মানসম্মত শিক্ষা প্রদানের আহ্বান জানিয়ে বলেন, এতে স্নাতকরা আন্তর্জাতিক অঙ্গনে প্রতিযোগিতা করতে পারে। দেশের জাতীয় স্বার্থে উচ্চশিক্ষার মানোন্নয়নে আমাদের যৌথভাবে কাজ করতে হবে। অনুষ্ঠানে আইকিউএসির পরিচালক ও অতিরিক্ত পরিচালকরা তাদের বক্তব্যে আইকিউএসি কর্মকাণ্ডের বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। এছাড়া আলোচনায় আইকিউএসির চ্যালেঞ্জসমূহ ও ভবিষ্যত পরিকল্পনা এবং প্রকল্প সমাপ্তির পর অর্থের উৎস ইত্যাদি বিষয় প্রাধান্য পায়।

### আসছে আরও দুই বেসরকারী বিশ্ববিদ্যালয়

নতুন করে আরও দুটি বেসরকারী বিশ্ববিদ্যালয় অনুমোদন পেতে যাচ্ছে। এগুলো হচ্ছে- রংপুর বিশ্ববিদ্যালয় ও ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ফর উইমেন্স। এ দুটি অনুমোদন পেলে দেশে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়াবে ৯৭টিতে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) কর্মকর্তারা জানিয়েছেন, নতুন করে দুটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিতে প্রধানমন্ত্রী ইতোমধ্যেই নীতিগত সিদ্ধান্ত দিয়েছেন। তার ওপর ভিত্তি করে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় দুটি পরিদর্শন করে ইউজিসিকে প্রতিবেদন পাঠাতে বলেছে শিক্ষা মন্ত্রণালয়।

জানা গেছে, রংপুর বিশ্ববিদ্যালয়টি রংপুর সার্কিট হাউজ রোডের নাহার ম্যানসনে প্রস্তাব করা হয়েছে। এটির প্রস্তাবক হিসেবে রয়েছেন মোতাহার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক ও বাংলাদেশ বণিক সমিতির (এফবিসিসিআই) সাবেক সহ-সভাপতি মোস্তফা আজাদ চৌধুরী (বাবু)। তার সঙ্গে রয়েছেন সরকার সমর্থিত একাধিক বণিক নেতা, মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান মিজানুর রহমানসহ বেশ কয়েকজন। এদিকে 'রংপুর বিশ্ববিদ্যালয়' নামে রংপুরে কোন বেসরকারী বিশ্ববিদ্যালয় করার বিরুদ্ধে আন্দোলন শুরু করেছেন রংপুরের বেগম রোকেয়া পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

তারা একই সঙ্গে তাদের প্রতিষ্ঠানের নাম 'রংপুর বিশ্ববিদ্যালয়' করারও দাবি জানিয়েছে। ইতোমধ্যেই তারা কর্মসূচী শুরু করেছে। এ ছাড়া দাবি আদায়ে বৃহত্তর কর্মসূচীরও ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা।

এদিকে চট্টগ্রামের চকরিয়ায় ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ফর উইমেন্স নামে আসছে আরেকটি বেসরকারী বিশ্ববিদ্যালয়। এ বেসরকারী বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবক হিসেবে রয়েছেন আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক ড. হাছান মাহমুদ। তার সঙ্গে বর্তমান সরকারের একাধিক নেতা ও ব্যবসায়ী রয়েছেন বলে জানা গেছে।

ইউজিসি সূত্র জানায়, চলতি মাসেই এ দুই বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিবেদন পাঠানোর নির্দেশনা রয়েছে। সেভাবেই পরিদর্শনের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন কর্মকর্তারা।